পল্লী প্রগতি প্রকল্প বিআরডিবি'র একটি বৃহৎ দারিদ্র বিমোচন প্রকল্প। সম্পূর্ণ সরকারী অর্থানুকূল্যে প্রকল্পটি দেশের ৪৭৬টি উপজেলায় ৪৭৭টি ইউনিয়নে বাস্তবায়নাধীন রয়েছে। বিত্তহীন জনগোষ্ঠী ছাড়াও পল্লীর ক্ষুদ্র, প্রান্তিক ও বর্গাচাষী কৃষকদের অভিষ্ট করে প্রকল্পটি দারিদ্র বিমোচনে সুদুর প্রসারী প্রভাব রাখছে। স্থানীয় পর্যায়ের প্রাকৃতিক ও জনসম্পদের সমন্বিত ব্যবহার, ক্ষুদ্র/উদ্যোক্তা উন্নয়ন ঋণ প্রদানের মাধ্যমে অভিষ্টদের আয় ও স্ব-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, স্বাস্থ্য পুষ্টি, শিক্ষা, পরিবার কল্যাণ, নিরাপদ পানি, সেনিটেশন এবং মহিলাদের আর্থ-সামাজিকভাবে ক্ষমতায়ন প্রভৃতি প্রকল্পের গুরুত্বপূর্ণ অঙ্গ। মোট ১৪৯৬৭.০০ লক্ষ টাকা বিনিয়োগ ব্যয় নির্ধারণ করে প্রকল্পের বাস্তবায়ন কাজ জুলাই/২০০০ এ শুরু করা হয়েছে, সমাপ্ত হবে জুন/২০০৮ এ। বিনিয়োগ ব্যয়ের প্রায় ৮৬% খরচ করা হচ্ছে প্রশিক্ষণ ও ঋণ খাতে। পল্লী প্রগতি প্রকল্পটি বিআরডিবি'র একটি অন্যতম ব্যয় সাশ্রয়ী (Cost Effective) এবং ক্লায়েন্ট নির্ভর (Client Oriented) প্রকল্প।

বাস্তবায়ন অগ্রগতি

(লক্ষ টাকায়)

কার্যক্রম	পিপি লক্ষ্যমাত্রা (১ম ও ২য় পর্যায়)	২০০৬-০৭		ক্রমপুঞ্জিত অগ্রগতি
		লক্ষ্যমাত্রা	অগ্রগতি	
১। দল গঠন (সংখ্যা)	১৩৩০০	২৫০০	১০৭৭	৯১৬২
২। সদস্য অন্তর্ভূক্তি (")	৩৮৫০০০	৭২৫০০	৩১০৩৭	২৩৪৭৯৫
৩। সঞ্চয় জমা	১৫০০.০০	৩৫০.০০	২৩৪.৪২	৯৯৯.১৬
৪। ঋণ বিতরণ	৩৪০০৬.৯৩	৯৫৯৩.৬৭	৬৫৩৫.৩৩	২০৩৬৮.০৮
৫। ঋণ আদায় (সুদসহ)	৩২২২৭.৯০	১০০২৫.৩৯	৫৩২৭.২৮	১৪২৬৩.৯৩
৬। আদায়ের হার		-	-	৮৬%
১। অবহিতকরণ (সংখ্যা)	৭৪৬৬৮	১২৫০	১৪২৭	৭৪৮৪৫
২। আইজিএ ভিত্তিক প্রশিঃ (সংখ্যা)	১৯২৫০	৯০০০	১০৫৫৮	১৪৩৯৫
৩। কর্মশালা/সেমিনার/সম্মেলন	৪৮	৫	১	১

১। উপজেলা পল্লী ভবন মেরামত/ সংস্কার (সংখ্যা)	৩৫০	১০৬	৯৬	২৩৯
২। গ্রামীন বৈঠকখখানা নির্মান (")	১৮	১২	১২	১২

৩.৫ অপ্রধান শস্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ কর্মসূচী ঃ

ডাল, তেলবীজ ও মসলাজাতীয় অপ্রধান শস্যের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দেশজ চাহিদাপূরণ এবং অপ্রধান শস্যের উৎপাদন ও উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য নিরসন কর্মসূচীর মূখ্য উদ্দেশ্য। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডি এ ই) এর বিশেষজ্ঞ ও কারিগরি সহায়তায় ৩ বছর মেয়াদী (জুলাই/২০০৫-জুন/০৮) কর্মসূচীটি দেশের ২৬টি জেলার ২০৪টি উপজেলায় বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ১৯৮২.৩৪ লক্ষ টাকা।

উদ্দেশ্য ও কর্মকান্ড

(১) ক্ষুদ্র, প্রান্তিক ও বর্গাচাষী কৃষকদের দলভূক্ত করে অপ্রধান শস্য উৎপাদন, সংরক্ষন, প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণে উদ্বুদ্ধকরণ;

(২) আর্থ-সামাজিক উন্নয়ন এবং পুষ্টিমান বৃদ্ধির ক্ষেত্রে অপ্রধান শস্যের গুরুত্ব ও প্রভাব সম্পর্কে উৎপাদক, ভোক্তা ও ব্যবসায়ীসহ সমাজের সকল পর্যায়ের জনগণকে সচেতন করা;

(৩) অপ্রধান শস্য উৎপাদন, সংরক্ষন ও প্রক্রিয়াকরণ কাজে সমাজের সুবিধাবঞ্চিত মহিলা জনগোষ্টিকে ব্যপকভাবে সম্পৃক্ত করার মাধ্যমে তাদের ক্ষমতায়নের পথ সুগম করা।

(৪) অপ্রধান শস্যের উৎপাদন, সংরক্ষন ও প্রক্রিয়াকরণ কাজে যুক্ত সকলকে সচেতনতা ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান।

বাস্তবায়ন অগ্রগতি

(লক্ষ টাকায়)

কার্যক্রম	পিপি লক্ষ্যমাত্রা	২০০৬-০৭		ক্রমপুঞ্জিত অগ্রগতি
		লক্ষ্যমাত্রা	অগ্রগতি	
সাংগঠনিক কার্যক্রম				
১। দল গঠন (সংখ্যা)	৬১২০	২৪৪৮	২৪০৪	২৯৩৪
২। সদস্য অন্তর্ভূক্তি (”)	১৫৩০০০	৬১২০০	৬০৯৭০	৭৪৪৭০
৩। সঞ্চয় জমা	১৪৪২.৫০	১৪৫.০০	৭০.৮৫	৭৪.৬০
প্রশিক্ষণ কার্যক্রম				
১। কর্মকর্তা (সংখ্যা)	৫৬১	৫৬১	৫৪৪	৫৪৪
২। কর্মচারী (সংখ্যা)	২৩০	২৩০	১৯৪	১৯৪
৩। সুবিধাভোগী (”)	১৫৩০০০	৬১২০০	৫৪৬৩২	৬২৬৩২

৩.৬ অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প - ২ (পিআরডিপি-২) প্রকল্প

জাইকার আর্থিক ও কারিগরি সহায়তায় এপ্রিল, ২০০০- মে, ২০০৪ মেয়াদে বাস্তবায়িত পি আর ডি পি- ১ প্রকল্পের সফল বাস্তবায়নের প্রেক্ষিতে একই সংস্হার অর্থায়নে ৫ বছর মেয়াদী (জুন, ২০০৫- মে, ২০১০) পি আর ডি পি-২ প্রকল্পটি গ্রহণ করা হয়। স্হানীয় সরকার শক্তিশালীকরণ, জনগণের অংশগ্রহণের মাধ্যমে নিজস্ব পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, বিদ্যমান সরকারী-বেসরকারী সরবরাহ ও সেবার সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে কমিউনিটিভূক্ত সকল শ্রেনী-পেশার জনগণের সার্বিক জীবনমানের উন্নয়ন প্রকল্পের প্রধান উদ্দেশ্য। প্রকল্পটি বর্তমানে কালিহাতি (টাংগাইল), তিতাস (কুমিল্লা) এবং মেহেরপুর সদর (মেহেরপুর) উপজেলার ১৫টি ইউনিয়নে বাস্তবায়নাধীন রয়েছে।

প্রকল্পের উদ্দেশ্য ঃ

(১) যোগাযোগ সহযোগিতা ও সমন্বয় বৃদ্ধির মাধ্যমে তৃণমূল পর্যায়ে জবাবদিহীতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণ।
(২) ইউনিয়ন পরিষদকে ওয়ান ষ্টপ সার্ভিস ডেলিভেরী ষ্টেশনে রূপান্তর করা।
(৩) স্হানীয় সম্পদের সুষ্ঠু আহরন ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ এবং সামাজিক পুঁজি (Social capital) গঠনে সহায়তা প্রদান।
(৪) সরকারী-বেসরকারী সেবাপ্রদানকারী প্রতিষ্ঠান/সংস্হা এবং স্হানীয় পর্যায়ে সেবা গ্রহণকারী পক্ষসমূহের মধ্যে সংযোগ ও সমন্বয় বৃদ্ধি এবং তা জোরদারকরণ।
(৫) নিজস্ব উদ্যোগে পরিকল্পনা প্রণয়ন এবং ব্যক্তিগত ও আর্থিক অংশগ্রহণের মাধ্যমে তা বাস্তবায়ন ।

প্রধান প্রধান কর্মকান্ডঃ

(১) ইউনিয়ন সমন্বয় কমিটির (ইউসিসি) মাধ্যমে সকল পর্যায়ে সংযোগ ও সমন্বয় বৃদ্ধি।
(২) গ্রাম কমিটি (ভিসি) গঠন এবং গ্রাম কমিটির মাধ্যমে স্হানীয় জনসাধারণের বিদ্যমান সমস্যাসমূহ ইউসিসিতে উপস্হাপন।
(৩) মহিলা উন্নয়ন সম্পর্কিত সমস্যা সমাধানে মহিলা উপ কমিটি গঠন।
(৪) সরকারী-বেসরকারী সেবা- সরবরাহ নিশ্চিতকরণ।
(৫) ইউপি’র জন্য সরকার প্রদত্ত থোক বরাদ্দ এবং স্হায়ী জনসাধারনের নিজস্ব আর্থিক সহায়তায় গ্রামীন ক্ষুদ্র ক্ষুদ্র অবকাঠমো নির্মাণ।

বাস্তবায়ন অগ্রগতিঃ

কার্যক্রম	পিপি লক্ষ্যমাত্রা	২০০৫-০৬		২০০৬-০৭		ক্রমপুঞ্জিত অগ্রগতি
		লক্ষ্যমাত্রা	অগ্রগতি	লক্ষ্যমাত্রা	অগ্রগতি	
১। ইউসিসি গঠন (সংখ্যা)	১৬	১৫	১৫	১৫	১৫	১৫
২। ভিসি গঠন (")	৪২২	৪১	২৭	৫৭	০৬	১১১
৩। ইউসিসিএম (")	৯০০	৯৯	৮৯	১৮০	৫৪	৫৬৯
৪। ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ(")	১৩০৪	৪১	৪৬	১৪০	০৫	২০৭
৫। প্রশিক্ষণ (")	২৬০৩২	১৫৩০	১৫২৫	৪৫০০	১২৪	৯৪৭৫

৩.৭ সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক)ঃ

দরিদ্র নিরসনে সরকারী প্রচেষ্টার অংশ হিসাবে সরকারের রাজস্ব বাজেটের আওতায় বিআরডিবি ১লা জুলাই ২০০৩ থেকে ক্ষুদ্র কৃষক ও বর্গাচাষী উন্নয়ন কর্মসূচী, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক) এবং দারিদ্র বিমোচনে মহিলাদের আত্মকর্মসংস্হান কর্মসূচী (দাবিমআক) নামক ৩টি কর্মসূচীর বাস্তবায়ন কাজ শুরু করে। পরবর্তী সময়ে অর্থাৎ জুলাই ২০০৬ সালে উল্লেখিত ৩টি কর্মসূচী একীভুক্ত ও সমন্বিত করে সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক) হাতে নেওয়া হয়। কর্মসূচীটি বর্তমানে দেশের ৬৪টি জেলার ৪৪৬ উপজেলায় বাস্তবায়ন করা হচ্ছে।

কর্মসূচীর উদ্দেশ্য ঃ

পল্লী এলাকায় বিত্তহীন জনগোষ্ঠীকে (পুরুষ ও মহিলা) অনানুষ্ঠানিক দলে সংগঠিত করে কর্মসংস্হান সৃষ্টি, জীবন যাত্রার গুনগত মান উন্নয়ন, প্রশিক্ষণ ও নিজস্ব সঞ্চয় জমার মাধ্যমে সহায়ক পুজি গঠন, আয়বর্ধক কর্মকান্ড ভিত্তিক ঋণ কার্যক্রম পরিচালনা, মানব সম্পদ উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ, মহিলাদের সচেতনতা ও ক্ষমতায়নের সুযোগ সৃষ্টি করা কর্মসূচীর মূখ্য উদ্দেশ্য। এ ছাড়া বিআরডিবি'র সমাপ্ত সকল প্রকল্প পর্যায়ক্রমে সদাবিকের সাথে একীভূত করে অভিষ্ঠ জনগোষ্ঠির মধ্যে ধারাবাহিক সেবা অব্যাহত রাখা সদাবিক গঠনের অন্যতম প্রধান লক্ষ্য।

বাস্তবায়ন অগ্রগতি ঃ

(লক্ষ টাকায়)

ক্রঃনং	কর্মকান্ডের নাম/ বিবরণ	২০০৬-২০০৭ এর অগ্রগতি	ক্রমপুঞ্জিত অগ্রগতি
১।	দলগঠন (সংখ্যা)	৮৪২৯	১৬৭৬৩
২।	সদস্য অন্তর্ভুক্তি (")	৪৫১৮২	৩৮৯৪৫৮
৩।	সঞ্চয় জমা	৮৩৩.১৩	২৭২৪.০২
৪।	ঋণ বিতরণ	১৩৫২৮.৮৩	৩৬৭০৫.৮৮
৫।	ঋণ আদায়	১১৮২২.৫৩	২৪৩৩৭.২২
৬।	আদায়ের হার	-	৬৩.৪৩%

৩.৮ সমন্বিত গ্রাম উন্নয়ন কর্মসূচী (সিভিডিপি)

সমন্বিত গ্রাম উন্নয়ন কর্মসূচী (সিভিডিপি) বিআরডিবি'র একটি উদ্ভাবনধর্মী দারিদ্র নিরসন কর্মসূচী। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচীটি বার্ড (কুমিল্লা), আরডিএ (বগুড়া), সমবায় অধিদপ্তর এবং বিআরডিবি যৌথভাবে বাস্তবায়ন করছে। বার্ড কর্তৃক "এক গ্রাম-এক সংগঠন" ধারনার ভিত্তিতে ১৯৭৫ সনে পরীক্ষামূলকভাবে গৃহীত "সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী" (টিভিডিপি) বর্তমানে সিভিডিপি নামে দেশের ২১টি উপজেলায় বাস্তবায়নাধীন রয়েছে।

উদ্দেশ্য ও কর্মকান্ড

গ্রামের সকল শ্রেনী-পেশার জনগোষ্ঠীকে একটি সমবায় কাঠামোর আওতায় সংগঠিত করে এবং আর্থ-সামাজিক অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে তাদের সার্বিক জীবনযাত্রার মানোন্নয়ন কর্মসূচীর উদ্দেশ্য। কর্মসূচীর প্রধান প্রধান কর্মকান্ড হলোঃ (ক) গ্রাম নির্বাচন,(খ) পরিবার ও সদস্যভিত্তিক আর্থ-সামাজিক জরিপ সম্পাদন, (গ) মূলধন গঠন এবং (ঘ) কর্মকর্তা-কর্মচারী ও উপকারভোগীদের নিবিঢ় প্রশিক্ষণ প্রদান। বিলম্বে অর্থ প্রাপ্তির কারনে ২০০৫-০৬ সনের নির্ধারিত সকল কাজ সম্পন্ন সম্ভব না হলেও প্রকল্প ছকের আলোকে বাস্তবায়ন কাজে সংশ্লিষ্ট জেলা-উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণের (এডিসি, ডিসিও, ইউএনও ও এপিডি) প্রশিক্ষণ প্রদান করা হয়। কর্মসূচীর আওতায় ২০০৬-০৭ সনের অগ্রগতি নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

কর্মকান্ড	২০০৬-২০০৭ সনের		ক্রমপুঁঞ্জিত অগ্রগতি
	লক্ষ্যমাত্রা	অগ্রগতি	
গ্রাম নির্বাচন (সংখ্যা)	৪৫০	৪৫০	৪৫০
গ্রাম জরিপ (")	৪৫০	২৪০	২৪০
সমিতি গঠন (")	৪৫০	২৩৪	২৩৪
পরিবার অন্তর্ভুক্তি (")	৪৫০০০	১১২০০	১১২০০
সদস্য অন্তর্ভুক্তি (")	৪৫০০০	১১৫৪০	১১৫৪০
সঞ্চয় জমা	৩৫০.৮৭	১৪.৩৮	১৪.৩৮
শেয়ার আমানত জমা	১০.৮৭	৪.১০	৪.১০
প্রশিক্ষণ (সংখ্যা)	৩৯৯৪৪	২৬৯২১	২৬৯২১

৩.৯ অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের জন্য প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্হান কর্মসূচী

বাংলাদেশ সরকার অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাঁদেরপোষ্যদের আর্থিক স্বচ্ছলতা ও সামাজিক উন্নয়নের লক্ষ্যে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০০৩-০৪ অর্থ বছরে " অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের জন্য প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্হান কর্মসূচী" বাস্তবায়নের কাজ শুরু করে। কর্মসূচীর আওতায় ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনার জন্য সহযোগী প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ পল্লী উন্নয়নবোর্ড ও বাংলাদেশ জাতীয় মুক্তিযোদ্ধা সংসদ এর মধ্যে বিগত ৩রা অক্টোবর/২০০২ সালে একটি সমঝোতা চুক্তি সম্পাদিত হয়। তদানুযায়ী মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রনীত ক্ষুদ্র ঋণ নীতিমালা' অনুসরনে প্রশিক্ষণ প্রাপ্ত অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের মধ্যে ঋণ কার্যক্রম পরিচালনার জন্য বিআরডিবি'কে ২০০৩-০৪থেকে ২০০৬-০৭ অর্থ বছর পর্যন্ত মোট ২৫ (পঁচিশ) কোটি টাকা ঋণ ছাড় করা হয়। কর্মসূচীর অধীনে সাংগঠনিক ও ঋণ কার্যক্রমের অগ্রগতি নিম্নরুপ ঃ

(লক্ষ টাকায়)

ক্রঃনং	কর্মকান্ডের নাম/ বিবরণ	২০০৬-২০০৭ এর অগ্রগতি	ক্রমপুঞ্জিত অগ্রগতি
১।	সুবিধাভোগীদের নিয়ে দলগঠন (সংখ্যা)	২৭২	১৫৭৩
২।	বাছাইকৃত অসচ্ছল মুক্তিযোদ্ধা ও পোষ্য (সংখ্যা)	৩৯৯	৪৩৪৭৪
৩।	প্রশিক্ষনপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও পোষ্য (সংখ্যা)	৪২৫৯	২৭২০৪
৪।	ঋণ বিতরণ	৮২৩.৫৯	২২২৫.৫৯
৫।	ঋণ আদায়	৩০৫.১৩	৫৫৩.১৩
৬।	আদায়ের হার		৪১%

৪. ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

দেশের সর্ববৃহৎ সরকারী উন্নয়ন প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কৃষি প্রবৃদ্ধি অর্জন, দারিদ্র নিরসন এবং মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে পিআরএস/ সহস্রাব্দের লক্ষ্যমাত্রা (MDGs) অর্জনে সর্বোতভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। সরকারের উন্নয়ন নীতি এবং এমডিজি'র লক্ষ্যার্জনে বিআরডিবি'র ভবিষ্যত পরিকল্পনায় নিম্নের বিষয়গুলোর উপর অগ্রাধিকার দেয়া হবে।

(১) সকল পর্যায়ে শৃংখলা, স্বচ্ছতা, জবাবদিহিতা তথা সু-শাসন প্রতিষ্ঠার মাধ্যমে বিআরডিবি'র প্রতিষ্ঠানিক দক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধি।

(২) প্রাথমিক পর্যায়ে Local Area Networking (LAN) এবং পর্যায়ক্রমে Wide Area Networking (WAN) সম্প্রসারনের মাধ্যমে তথ্য প্রযুক্তির (IT) সম্প্রসারন, উদ্বুদ্ধকরন এবং প্রশিক্ষনের মাধ্যমে কর্মকর্তা/ কর্মচারীদের দক্ষতা এবং উন্নত ও আধুনিক পরিবিক্ষণ পদ্ধতি প্রবর্তনের মাধ্যমে উন্নয়ন প্রকল্প/ কর্মসূচীর সেবার মান বৃদ্ধি।

(৩) দ্বি-স্তর সমবায় তথা মূল কর্মসূচীতে বিদ্যমান সমস্যা দূর করে কর্মসূচীকে আরও সুদৃঢ় ও সুসংহতকরণ। সরকারের রাজস্ব খাতভূক্ত আবর্তক কৃষি ঋণ কর্মসূচী আওতা ক্রমগত সম্প্রসারণ ও শক্তিশালিকরণ।

(৪) ঘূর্নিঝড় এবং দরিদ্র প্রবন এলাকার সার্বিক উন্নয়নের জন্য পৃথক এলাকা নিদিষ্ট (Area Specific) প্রকল্প গ্রহন।

(৫) দেশীয় সম্পদ ও প্রযুক্তি নির্ভর এবং ব্যয় সাশ্রয়ী প্রকল্প গ্রহন এবং নিদিষ্ট সময়ের মধ্যে চলমান সকল প্রকল্পের বাস্তবায়ন সমাপ্ত করা।

(৬) সকল উন্নয়ন প্রকল্প বিশেষ করে ক্ষুদ্র ঋণ/ কর্মসূচী বাস্তবায়নে ধারাবাহিকতা রক্ষার জন্য প্রজেক্ট 'এ্যাপ্রোস' এর পরিবর্তে প্রোগ্রাম এ্যাপ্রোস'কে অগ্রাধিকার প্রদান।

(৭) সকল উন্নয়ন প্রকল্পে উল্লেখযোগ্য সামাজিক খাত বিশেষ করে স্বাস্হ্য পুষ্টি, নিরাপদ পানি ওসেনিটেশন, পরিবার পরিকল্পনা, পরিবেশ সংরক্ষন ও উনয়ন প্রভৃতি সামাজিক খাতের উন্নয়ন'কে অগ্রাধিকার প্রদান।

২। বর্নিত লক্ষ্যার্জনে বিআরডিবি'র পক্ষ হতে ইতোমধ্যে উল্লেখযোগ্য সংখ্যক প্রকল্প প্রস্তাবনা প্রস্তুত করা হয়েছে। তন্মধ্যে নিম্নের ৭টি অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।

(১) উন্নত পদ্ধতিতে ফলমুল, শাক সব্জি এবং মসলা উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ এবং বাজারজাতকরণের মাধ্যমে দারিদ্র হ্রাস করণ কর্মসূচী।
(২) ক্ষুদ্র ও মাঝারি উদোক্তা উন্নয়নের মাধ্যমে উপকুলীয় জীবনযাত্রার মান বৃদ্ধিকরণ।
(৩) সেচ সম্প্রসারণ কর্মসূচী।
(৪) পল্লী উদ্যোক্তা উন্নয়ন প্রকল্প।
(৫) এম আই এস প্রকল্প পর্যায়-২, বিআরডবি'তে টেকসই আইসিটি পরিবেশ সৃষ্টি।
(৬) অরক্ষিত ও ঝুঁকিপূর্ন এলাকার (সীমান্ত ও বন্দর এলাকা) বিআরডিবি'র সমবায়ীদের জন্য প্রজনন স্বাস্হ্য সেবাদান/ এইডস প্রতিরোধ কর্মসুচী।
(৭) বিআরডিবি'র অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প প্রভৃতি।

সমবায় অধিদপ্তর, ঢাকা

শতাব্দীর সীমানা পেরিয়ে সমবায় নবদিগন্তের পথে এগিয়ে চলেছে। শুরুতে সমবায় কার্যক্রম কৃষিভিত্তিক হলেও বর্তমানে ক্ষুদ্রঋণ, দুগ্ধ উৎপাদন, কুটির শিল্প, বাজার ব্যবস্হাপনা, ব্যাংকিংসহ এমনকোন আর্থিক সেক্টর নেই যেখানে সমবায়ের ছোঁয়া লাগেনি। বাংলাদেশের জন্মলগ্ন থেকে সমবায়ভিত্তিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। তাই সাংবিধানিকভাবে সমবায়কে বাংলাদেশের অন্যতম গুরুত্বপূর্ণ আর্থিক সেক্টর হিসেবে বিবেচনা করা হয়। মুলতঃ সমবায়ের সামগ্রিক কার্যক্রম সমবায় অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। এর মধ্যে উল্লেখযোগ্য কার্যক্রম হচ্ছে সুনির্দিষ্ট বিধি ও আইন মোতাবেক সমিতি নিবন্ধন ও বাতিল, অডিট, মামলা-মোকদ্দমা নিস্পত্তি, সমিতি সমূহের নির্বাচন, সমবায় শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা এবং সর্বোপরি সমবায় সমিতি সমূহের লালন ও উন্নয়নে দিক নির্দেশনা প্রদান করা। বর্তমানে প্রায় ১ (এক) কোটি লোক সরাসরি সমবায় কার্যক্রমের সাথে জড়িত। এরা কৃষি, ক্ষুদ্র ব্যবসা, কুটির শিল্প, মৎস্য চাষ, দুগ্ধ উৎপাদন, বৃক্ষরোপন এবং আশ্রয়ন ও আবাসন ঋণ কার্যক্রমের মাধ্যমে বাংলাদেশের আর্থিক ও সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। নিম্নে সমবায় অধিদপ্তরের ২০০৬- ২০০৭ইং সালের কার্যক্রমের একটি সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরা হ'ল ঃ

দেশে বর্তমানে নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১,৫৭,১০৮ টি। এরমধ্যে ২২ টি জাতীয় সমবায় সমিতি, ১০৯১ টি কেন্দ্রীয় সমবায় সমিতি ও ১৫৫৯৯৫ টি প্রাথমিক সমবায় সমিতি। প্রাথমিক সমবায় সমিতিগুলোর সদস্য সংখ্যা ৮০৮৯৫৯৬ জন। জুন ২০০৭ পযর্ন্ত কেন্দ্রীয় ও প্রাথমিক সমিতিগুলোর কার্যকরী মূলধনের পরিমান যথাক্রমে ১০২৬৭৯.৮৭ লক্ষ ও ১৯০৯৩৮.২৮ লক্ষ টাকা।

বিগত ২০০৬-২০০৭ অর্থ বছরে সমবায় অধিদপ্তর কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমের বিবরণ ঃ

(১) নিয়োগ ও পদোন্নতি ।

২০০৬-২০০৭ অর্থ বছরে রাজস্ব বাজেট কর্মকর্তা / কর্মচারির সংখ্যা ৪৮০৭টি অনুমোদিত পদের মধ্যে শূন্য পদের সংখ্যা ছিল ১২১৯ টি। একই অর্থ বছরে ৮ জন কর্মকর্তা ও ৮৬ জন কর্মচারির পদোন্নতি হয়েছে। নতুন নিয়োগ প্রদান করা হয়েছে ১৮ জন কর্মকর্তার।

(২) সমবায় অডিট ঃ সমবায় সমিতির কার্যক্রমকে নিয়মতান্ত্রিক, জবাবদিহিমূলক সর্বোপরি ফলপ্রসূ করার উদ্দেশ্যে সমবায় অধিদপ্তর কর্তৃক প্রতিবছর সমবায় সমিতিগুলোকে অডিট করা হয়। ২০০৬-২০০৭ অর্থ বছরে ১৬ টি জাতীয় ও জাতীয় পর্যায়ের সমবায় সমিতির অডিট সমবায় অধিদপ্তরের সদর কার্যালয়ের অডিট শাখার মাধ্যমে ১০৮৪ টি কেন্দ্রীয় সমবায় সমিতি ৪ টি বিভাগীয় যুগ্ম নিবন্ধকের কার্যালয়ের মাধ্যমে অডিট করা হয় এবং ৮৩৮২৮ টি প্রাথমিক সমবায় সমিতির অডিট জেলা সমবায় কার্যালয়ের মাধ্যমে সম্পাদন করা হয়।

(৩) সমবায় সমিতি গোটানো ঃ ২০০৬-০৭ অর্থ বছরে ২৪৪৭৪ টি অকার্যকর সমবায় সমিতি চিহ্নিতকরণ করা হয়েছে, ১১৭৭৬ টি সমবায় সমিতি অবসায়নে ন্যস্ত ও ২৬২৮ টি সমবায় সমিতির নিবন্ধন বাতিল করা হয়েছে।

(৪) প্রশিক্ষণ ঃ সমবায় স্বত:স্ফুর্তভাবে সংগঠিত ও গণতান্ত্রিক পদ্ধতিতে পরিচালিত একটি অর্থনৈতিক প্রতিষ্ঠান যা সামাজিক কর্মকান্ডের সাথে নিবিড়ভাবে জড়িত। এটি একটি মহৎ আন্দোলন যা অনগ্রসর এবং দুর্বল আর্থ সামাজিক অবস্থার উন্নয়নে অত্যন্ত কার্যকর ভূমিকা পালন করে। এ আন্দোলনের সাথে যুক্ত সংশ্লিষ্ট জনগোষ্ঠিকে সঠিক ভাবে পরিচালিত করে কাঙ্খিত লক্ষ্যে পৌছাতে হলে সমবায় বিভাগের কর্মকর্তা, কর্মচারি এবং সমবায়ীদের প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। এ লক্ষ্যে সমবায় অধিদপ্তরের তত্বাবধানে বাংলাদেশ সমবায় একাডেমী ও ৯ টি আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউটে সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণের পাশাপাশি সমবায়ীদের বিভিন্ন মেয়াদে বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

(ক) বাংলাদেশ সমবায় একাডেমী ঃ বাংলাদেশ সমবায় একাডেমী সমবায় সেক্টরের একমাত্র জাতীয় পর্যায়ের প্রশিক্ষণ প্রতিষ্ঠান। যেখানে মূলতঃ সমবায়কে কেন্দ্র করেই সমস্ত কার্যক্রম পরিচালিত হয়। বাংলাদেশ সমবায় একাডেমী ও তার আওতাধীন ৯ টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট সমবায়ীদের এবং সমবায় বিভাগে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারিদের জন্য বিভিন্ন প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন ও বিভিন্ন গবেষণাধর্মী কার্যক্রম পরিচালনা করে থাকে। বছর ভিত্তিক অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সের ও প্রশিক্ষণার্থীর সংখ্যা নিম্নে দেয়া হ'ল ঃ

বছর	লক্ষ্যমাত্রা		অর্জন		লক্ষ্য মাত্রা অর্জনের হার (প্রশিক্ষণার্থী)
	কোর্সের সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা	কোর্সের সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা	
২০০৫-২০০৬	৩২	১১১২	৩১	৯১২	৮২%
২০০৬-২০০৭	৩২	১১২০	৩৮	১১১৩	৯৯%

(খ) আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট ঃ মুক্তাগাছা (ময়মনসিংহ), ফেনী, নওগাঁ, কুষ্টিয়া, ফরিদপুর, মৌলভীবাজার, রংপুর, খুলনা এবং বরিশালে অবস্থিত ৯ টি ইনষ্টিটিউটে সমবায় অধিদপ্তরের আওতাধীন কর্মকর্তা / কর্মচারি এবং বিভিন্ন সমবায় সমিতির সদস্যদের উন্নত পেশাগত দক্ষতা অর্জনের লক্ষ্যে রিফ্রেসার্স কোর্স, নেতৃত্ব ও ব্যবস্থাপনা উন্নয়ন কোর্স, সমবায় ব্যবস্থাপনা কোর্স, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির সদস্যদের এবং নব নিয়োগ প্রাপ্ত কর্মচারীদের মৌলিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়ে থাকে। বছর ভিত্তিক অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্স ও প্রশিক্ষণার্থীর সংখ্যা নিম্নে দেয়া হ'ল ঃ

বছর	লক্ষ্যমাত্রা		অর্জন		লক্ষ্য মাত্রা অর্জনের হার (প্রশিক্ষণার্থী)
	কোর্সের সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা	কোর্সের সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা	
২০০৬-২০০৭	১৭৬	৫০৩৫	২২৮	৫৮৬৪	১৬৫%

(গ) ভ্রাম্যমান প্রশিক্ষণ ঃ সমবায় ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট জেলা পর্যায়ে নির্ধারিত প্রশিক্ষণ কারিকুলাম অনুসারে সমিতি পর্যায়ে সমবায়ীগণকে সমিতি পরিচালনা, হাঁস মুরগী ও গবাদীপশু পালন এবং জাতীয় কর্মসূচী যেমন বৃক্ষরোপন, স্যানিটেশন, যৌতুক বিরোধী আন্দোলন ইত্যাদি সম্পর্কে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের পাশাপাশি আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধকরণের দায়িত্ব পালন করে থাকে। বছর ভিত্তিক ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রশিক্ষণের অগ্রগতির চিত্র তুলে ধরা হ'লঃ

বছর	অংশগ্রহণকারীর সংখ্যা		হার
	লক্ষ্যমাত্রা	অর্জন	
২০০৬-২০০৭	৩৫৮২০০	২৩৮২৮১	৬৭%

(৫) বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্ক ভিটা) ঃ বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্ক ভিটা) একটি জাতীয় পর্যায়ের সমবায় সমিতি। এটি ১৯৭৩ সালে প্রতিষ্ঠিত হয়। এ প্রতিষ্ঠানটি ইতোমধ্যে দেশের সর্ববৃহৎ দুগ্ধ শিল্প প্রতিষ্ঠান হিসাবে গ্রামীণ সমবায় ভিত্তিক দুগ্ধ সংগ্রহ প্রক্রিয়া থেকে শুরু করে দুগ্ধজাতপণ্য প্রক্রিয়াজাতকরণ এবং বিপণন পর্যন্ত কর্মকান্ডে যেমন বিপুলভাবে বিস্তৃতি লাভ করেছে তেমনি নিত্যনতুন এলাকায় দুগ্ধ কারখানা স্থাপন, নতুন প্রযুক্তি সমৃদ্ধ প্লান্ট স্থাপন, পণ্যমান নিশ্চিতকরণ, ব্যবস্থাপনা উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও আর্থিক সফলতা প্রাপ্তিসহ বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। দুগ্ধ শিল্প ভিত্তিক এ প্রতিষ্ঠানটি দেশের দারিদ্র বিমোচনেও সরাসরি গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বর্তমানে প্রতিষ্ঠানের ২৮ টি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র চালু রয়েছে। মিল্ক ভিটা বর্তমানে ২২ টি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের মাধ্যমে দেশের ২১ টি জেলা ও ৮৪ টি থানায় সমবায়ী কৃষকদের নিকট হতে দুগ্ধ সংগ্রহ কার্যক্রম চালিয়ে যাচ্ছে। অদূর ভবিষ্যতে আরো তিনটি দুগ্ধ কারখানার মাধ্যমে দুগ্ধ সংগ্রহ কার্যক্রমকে জোরদার করা হবে।

২০০৬-২০০৭ অর্থ বছরে দুগ্ধ উৎপাদনকারী প্রাথমিক সমবায় সমিতি সমুহের মাধ্যমে অর্জিত অগ্রগতি নিম্নরূপঃ

বছর	সমিতির সংখ্যা	সদস্য সংখ্যা	কার্যকরী মুলধন (লক্ষ টাকা)
২০০৬-২০০৭	১৫৮০	১,৬০,০০০	৭৬৮৬.৮৪

একই অর্থ বছরে মিল্ক ভিটার দুগ্ধ সংগ্রহের পরিমান ও মূল্য প্রদান সংক্রান্ত তথ্যঃ

বছর	দুগ্ধ সংগ্রহ (লক্ষ লিঃ)	গড় মূল্য (প্রতি লিঃ)	মোট মূল্য প্রদান (লক্ষ টাকায়)
২০০৬-২০০৭	৬৯৭.৬২	১৯.৭৯	১৩৮০৫.৯০

মিল্ক ভিটার অর্জিত নীট লাভ সংক্রান্ত তথ্যঃ

লক্ষ টাকা

বছর	আয়	ব্যয়	নীট লাভ
২০০৬-২০০৭	২৩০৮৮.৮৪	২২৬৭৬.৫১	৪১২.৩৩

(৬) বাংলাদেশ সমবায় ব্যাংক ঃ বাংলাদেশ সমবায় ব্যাংক সমবায় খাতের সর্বোচ্চ বিশেষায়িত ব্যাংকিং প্রতিষ্ঠান। এই ব্যাংক প্রধানতঃ কৃষি সমবায় সমিতির জন্য ক্ষুদ্র ঋণ প্রদান করে থাকে। এই ব্যাংক সদস্য ও অসদস্যদের নিকট হতে সকল প্রকার আমানত গ্রহণ করে থাকে এবং আমানতের সুদ বাংলাদেশ ব্যাংকের সার্কুলার অনুযায়ী অন্যান্য রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকের সমপরিমান হারে প্রদান করে। এ ব্যাংকের কোন শাখা নেই। সদস্যভুক্ত কেন্দ্রীয় সমবায় ব্যাংক, কেন্দ্রীয় আখচাষী সমবায় সমিতি, উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি ও সমবায় জমিবন্ধকী ব্যাংক সমুহের মাধ্যমে এ ব্যাংকটির কৃষি ঋণ কার্যক্রম পরিচালিত হয়। বৈদেশিক বানিজ্য বা অন্য কোন বানিজ্যিক কার্যক্রম এ ব্যাংকের মাধ্যমে পরিচালিত হয়না। শুধুমাত্র সমবায়ী কৃষকদের মধ্যে কৃষি ঋণ ব্যবস্থাপনাই এ ব্যাংকের মূল কার্যক্রম। সমবায় কৃষিঋণ কার্যক্রমের অচল অবস্হা নিরসনপূর্বক ঋণ প্রবাহ পুনঃচালু করার লক্ষ্যে বিগত ০৭/০৭/০৩ ইং তারিখে অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং অম/অবি/ ব্যাংকিং নীতি শাখা -২/ সূম -১/ ৯৬ অংশ -২/ ২৯৮ (২)/১মূলে সরকার সমবায় কৃষকদের ৫০০০/- টাকা পর্যন্ত সমবায়ী কৃষিঋণের সুদ ও দন্ডসুদ মওকুফ করেছেন। বাংলাদেশ ব্যাংকের পাওনা ৭১৯৯.৬৪ লক্ষ টাকার মধ্যে ১৩৭৭.৭৫ লক্ষ টাকা পুনঃতফসিলীকরণ করা হয়েছে। উক্ত টাকা পরবর্তী ৫ বছরে অর্থাৎ ৩০/৬/২০০৮ ইং তারিখের মধ্যে সমান ১০ কিস্তিতে পুনঃতফসিলীকরণের আওতায় পরিশোধের মাধ্যমে এ সুযোগ গ্রহন করা যাবে। ইতোমধ্যে মাঠ পর্যায় হতে আগষ্ট/ ২০০৭ ইং পর্যন্ত ৪.৭১ কোটি টাকা আদায় এবং বাংলাদেশ ব্যাংকে ৪ কিস্তিতে ১১.৪০ কোটি টাকা পরিশোধ করা হয়েছে। বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড এর ২০০৫-০৬ এবং ২০০৬-০৭ অর্থ বছরের পরিসংখ্যান নিম্নে দেয়া হ'লঃ

লক্ষ টাকায়

বছর	সদস্য সংখ্যা	কার্যকরী মুলধন	বিতরণকৃত ঋণ	আদায়কৃত ঋণ	নীট লাভ
২০০৬-০৭	৫৩৯	৩৬১৯৯.৩৮	১০৭৬৬.৫৬	২০২৭.৭৪	৭৫৩.৬৭

২০০৬-২০০৭ অর্থবছরে সমবায় অধিদপ্তর কর্তৃক পরিচালিত উন্নয়ন প্রকল্প সমূহের কার্যক্রমের বিবরণ ঃ

১। সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ প্রকল্প ঃ

বাংলাদেশ সরকারের অর্থায়নে সমবায় অধিদপ্তর কর্তৃক ২০০১-০২ অর্থ বছর হতে ২০০৫-০৬ অর্থ বছরে "সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ এবং সমবায়ের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি ও আয়বর্ধক কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন কর্মসূচী" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। এ প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় হয় ৯.৪৩ কোটি টাকা। সমবায় অধিদপ্তরের কার্যক্রমে গতিশীলতা আনয়ণ, সমবায় অধিদপ্তরের জন্য সুষ্ঠু কর্মপরিবেশ সৃষ্টি, সমবায় সমিতির জন্য একটি ডাটাবেইজ ও এমআইএস ব্যবস্থা চালুকরণ, সমবায় অধিদপ্তরের তথ্য প্রযুক্তিগত প্রশিক্ষণ সুবিধা সৃষ্টি এবং সমবায় সমিতি সমূহের অডিট ও হিসাব পদ্ধতির আধুনিকায়ন ও অবসায়ন কার্যক্রম ত্বরান্বিতকরণ এবং সমবায়ীদের বিভিন্ন আয়বর্ধক ট্রেড কোর্সে প্রশিক্ষণ প্রদানপূর্বক আত্মকর্মসংস্থান সৃষ্টি করাই এ প্রকল্পের মূল উদ্দেশ্য।

প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি ঃ

প্রকল্পটির অধীনে আগারগাঁওস্থ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের ভবন নির্মানের জন্য বরাদ্দকৃত জমির মূল্য পরিশোধ ও ফাউন্ডেশন এর আংশিক কাজ সম্পাদিত হয়েছে। যার অধীনে সমবায় অধিদপ্তরের প্রধান কার্যালয়, ৪ টি বিভাগীয় সমবায় কার্যালয় ও বৃহত্তর ২১ টি জেলায় প্রয়োজনীয় কম্পিউটার হার্ডওয়্যার ও যন্ত্রপাতি সংস্থাপন পূর্বক তথ্য প্রযুক্তিগত বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য ঢাকাস্থ সদর কার্যালয়, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা এবং আঞ্চলিক সমবায় শিক্ষায়তন খুলনা ও রংপুরে মোট ৪ টি আধুনিক কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। সমবায় সমিতি সমূহের অডিট ও হিসাব পদ্ধতিকে আধুনিকায়ন ও সহজীকরণ করা হয়েছে এবং দেশের অকার্যকর সমবায় সমিতি সমূহের অবসায়ন প্রক্রিয়া দ্রুত সম্পাদনের জন্য পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক একটি অডিট ও হিসাব পদ্ধতি সুপারিশ করা হয়েছে যা বাস্তবায়নের প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্পটির অধীনে সমবায় অধিদপ্তরের ১৯০ জন কর্মকর্তা/কর্মচারিকে কম্পিউটার পরিচালনা ও তথ্যপ্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। অপরদিকে ৬৬৪০ জন সমবায়ীকে বিভিন্ন আয়বর্ধন মূলক ৮ টি ট্রেড কোর্স যথা-হাঁস-মুরগী ও গবাদি পশু পালন, মৎস্য চাষ, মৃৎ শিল্প উন্নয়ন, উন্নত কুটির শিল্প, টেইলারিং, পোষাক ডিজাইন, সমবায় ব্যবস্থাপনা ও কম্পিউটার পরিচালনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান পূর্বক দক্ষ মানব সম্পদে রূপান্তর করে স্ব-কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করা হয়েছে। তাছাড়া উক্ত প্রশিক্ষণপ্রাপ্ত ৬৬৪০ জন সমবায়ীর মধ্যে ১০০ জন সমবায়ীর প্রতিজনকে ১৫০০০/- টাকা করে মোট ১৫,০০,০০০/- টাকা ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে যা একটি আবর্তক ঋণ তহবিল হিসেবে সমবায়ীদের মধ্যে চালু রাখা হবে। এছাড়া এ প্রকল্পের আওতায় টেইলারিং বিষয়ক প্রশিক্ষণপ্রাপ্ত ৩০০ জন মহিলা সমবায়ী সদস্যকে ৩০০ টি সেলাই মেশিন বিনামূল্যে বিতরণ করে তাদের স্ব-কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করা হয়েছে।

দেশের অবশিষ্ট ৪৩টি জেলা সমবায় কার্যালয়ে ডাটাবেইজ ও এমআইএস ব্যবস্থা বিস্তৃতকরণ, আধুনিক অডিট ও হিসাব পদ্ধতি সম্পর্কে সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিগণকে প্রশিক্ষণ দান এবং সংস্থাপনকৃত ডাটাবেইজ ও এমআইএস ব্যবস্থা ও যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষণাবেক্ষণকল্পে এবং সমবায়ীদেরকে আয়বর্ধনমূলক ট্রেড কোর্সে প্রশিক্ষণদানের জন্য প্রকল্পটির ২য় পর্যায় বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। আশাকরা যায় প্রকল্পের ২য় পর্যায়ের গৃহীত কার্যক্রম বাস্তবায়িত হলে সমবায় অধিদপ্তরের সার্বিক কার্যক্রমে আরও গতিশীলতা আসবে এবং অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্য বিমোচন কার্যক্রমে ইতিবাচক প্রভাব পড়বে।

২। সমবায় ভবন নির্মাণ কর্মসূচীঃ

বর্তমানে দেশে বিদ্যমান প্রায় ১ লক্ষ ৫৪ হাজার সমবায় সমিতির মধ্যে প্রায় ১ কোটি সমবায়ী সদস্যের পুঞ্জিভূত অর্থ লাভজনক বিনিয়োগের মাধ্যমে মুনাফা অর্জনের সঠিক নীতিমালা প্রণয়ন ও দিক নির্দেশনা প্রদান, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন, সমবায় আইন ও নিয়মাবলীর আলোকে বিধিবদ্ধ দায়দায়িত্ব সমূহ সুচারুরূপে সম্পন্ন করা, সরকারের উন্নয়ন কর্মসূচীর সাথে সমবায়ীদের সম্পৃক্ততা বৃদ্ধি করা ইত্যাদি কর্মসূচী সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ সমবায় অধিদপ্তরের সার্বিক কার্যক্রমের গতিশীলতা আনয়ন এবং সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের সুষ্ঠু কাজের পরিবেশ সৃষ্টি কল্পে সমবায় অধিদপ্তরের জন্য একটি নিজস্ব অফিস ভবনের ভৌত অবকাঠামো নির্মাণ করাই হচ্ছে এ কর্মসূচীর উদ্দেশ্য। বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে রাজস্ব কর্মসূচী হিসাবে গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে সমবায় ভবনের নির্মাণ কাজ বাস্তবায়ন করা হচ্ছে।

এক নজরে প্রকল্পটির বিস্তারিত তথ্য নিচে দেয়া হ'ল :

কর্মসূচীর বাজেট : প্রস্তাবিত ঃ ৩৫.৭৩ কোটি টাকা ।
অনুমোদিত ঃ ২৯.৪১ কোটি টাকা ।
সংশোধিত ঃ ৪৪.৭৩ কোটি টাকা।

কর্মসূচীর মেয়াদ: মূলঃ জুলাই, ২০০৩ - জুন, ২০০৬ পর্যন্ত।
সংশোধিতঃ জুলাই, ২০০৩-২০০৮ পর্যন্ত।

প্রকল্প এলাকা : আগারগাঁওস্থ সিভিক সেক্টর, প্লট নং-এফ-১০/এ, এফ-১০/বি, শেরেবাংলা নগর,ঢাকা।

প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি :

"সমবায় ভবন কর্মসূচী" বাস্তবায়নের জন্য ২০০৬-০৭ সালে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ছিল ১০.০৯ কোটি টাকা। অর্থ মন্ত্রণালয় হতে সম্পূর্ণ অর্থ (১০.০৯ কোটি টাকা) অবমুক্ত করে গণপূর্ত অধিদপ্তরের নিকট ন্যস্ত করা হয় এবং গণপূর্ত অধিদপ্তর মোট ৯.৫৭ কোটি টাকা ব্যয় করেছে। অব্যয়িত ৫১.৩১ লক্ষ টাকা সমর্পণ করা হয়েছে । জুন '০৭ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয়ের পরিমান ছিল ২৮.৮৯ কোটি টাকা।

অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ২৯.৪১ কোটি টাকা হতে ২৮.৮৯ কোটি টাকা দ্বারা গণপূর্ত অধিদপ্তর কর্তৃক দাখিলকৃত বিস্তারিত প্রাক্কলন অনুযায়ী ১৬ তলা ফাউন্ডেশনসহ বেজমেন্ট ফ্লোর ও ৬ষ্ঠ তলা পর্যন্ত নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং ৭ম তলার আংশিক নির্মাণ কাজ করা হয়েছে। ইতোমধ্যে ১৬ তলা ফাউন্ডেশনসহ বেজমেন্ট ফ্লোর ও ৬ষ্ঠ তলা পর্যন্ত নির্মাণ কাজ সমাপ্ত করে ভবনটি ব্যবহারের জন্য হস্তান্তর করা হয়েছে। বর্তমানে ৭ম তলার (আংশিক) নির্মাণ কাজ শেষ হয়েছে। হস্তান্তর প্রক্রিয়াধীন আছে।

২০০৬-২০০৭ অর্থবছরে সমবায় অধিদপ্তর কর্তৃক একটি প্রকল্প ও একটি কর্মসূচী বাস্তবায়ন করা হয়েছে যার বিবরণ নিম্নে তুলে ধরা হ'লঃ

৩। আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণ, নরসিংদীঃ

প্রকল্পের নাম ঃ আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণ, নরসিংদী।
বাস্তবায়নকাল ঃ জুলাই, ২০০৫-জুন,২০০৮
এডিপি বরাদ্দ ঃ মূল- ১০৭৫.৪০ লক্ষ টাকা
সংশোধিত-১১৬৯.২৫ লক্ষ টাকা

প্রকল্পের অগ্রগতি ঃ

গত ৫ আগষ্ট ২০০৬ তারিখে সাবেক মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণ প্রকল্প নরসিংদী এর ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়। ঢাকা বিভাগের সমবায়ীদের ও সমবায় বিভাগের কর্মচারিদের বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়ার উদ্দেশ্যে নরসিংদী জেলায় এ প্রকল্পের স্থান নির্ধারণ করা হয়। প্রকল্পটি ২০০৫-২০০৬ সালের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে অন্তর্ভূক্ত দারিদ্র্য বিমোচন কৌশল পত্র (পিআরএসপি) এর আলোকে প্রণয়ন করা হয়েছে। আঞ্চলিক সমবায় প্রশিক্ষন ইনস্টিটিউট নির্মান প্রকল্প, নরসিংদী এ প্রশাসনিক ভবন, হোস্টেল ভবন, অধ্যক্ষের বাস ভবন, কর্মচারিদের আবাসিক ভবন নির্মান করা হচ্ছে। এতে একসংগে ৯০ জনের প্রশিক্ষণ প্রদান সম্ভব হবে। যার মধ্যে একটি কম্পিউটার ল্যাব রয়েছে, যেখানে ৩০ জন প্রশিক্ষণার্থী কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণ করতে পারবে এবং ৪০ জন প্রশিক্ষণার্থীর আবাসিক সুবিধা আছে। প্রকল্প সমাপ্তির পর ইনস্টিটিউট পরিচালনার জন্য বিভিন্ন শ্রেণীর মোট ২২ জন কর্মকর্তা/ কর্মচারি প্রয়োজন হবে। মোট ৩.১৬ একর জমি অধিগ্রহণ করা হয়েছে।

২০০৬-০৭ সালের ৩০ জুলাই পর্যন্ত বাউন্ডারী ওয়াল, মাটি ভরাট ও প্রশাসনিক ভবনের কার্যাদেশ দেয়া হয়েছে। আবকাঠামোগত অগ্রগতি ১০%, ১৫% ও ২০% কাজ সম্পন্ন হয়েছে। প্রকল্পের কাজ চলমান। চলতি অর্থ বছরে প্রকল্পে ১(এক)কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

৪। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (সিভিডিপি) ঃ

গ্রামের সকল পেশা ও শ্রেণীর মানুষকে সমবায় সমিতি গঠনের মাধ্যমে সংগঠিত করে পেশা ভিত্তিক গ্রাম উন্নয়ন কর্মী সৃষ্টি করতঃ তাদের মাধ্যমে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন ও সরকারী সকল সেবা গ্রামের জনগোষ্ঠির নিকট পৌছানো তথা গ্রামকেই সকল উন্নয়নের কেন্দ্র বিন্দু হিসেবে প্রতিষ্ঠা করাই এই কর্মসূচীর প্রধান লক্ষ্য। এই প্রকল্পের মেয়াদ জুলাই ২০০৫ -জুন ২০০৮ পর্যন্ত। প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থাগুলো হলো বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, সমবায় অধিদপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী, কুমিল্লা ও পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া। প্রকল্প এলাকা নির্ধারিত হয়েছে ১৮ টি জেলার ২১ টি উপজেলার ১৫৭৫ টি গ্রাম। এর মধ্যে সমবায় অধিদপ্তর অংশে ৭ টি জেলার ৭ উপজেলায় ৫২৫ টি গ্রাম। মোট প্রকল্প ব্যয় ২৪৬৫.৩০ লক্ষ টাকা। এতে সমবায় অধিদপ্তরের অংশে ৭৮৮.৯৯ লক্ষ টাকা।

উপরোক্ত প্রকল্প ও কর্মসূচী বাস্তবায়নের পাশাপাশি সমবায় অধিদপ্তর প্রধান উপদেষ্টা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত আশ্রয়ন প্রকল্প ও বাস্তবায়নাধীন আবাসন প্রকল্পের ঋণ কর্যক্রম পরিচালনা করে থাকে। আশ্রয়ন ও আবাসন গ্রাম সমূহে সমবায় সমিতি গঠনের মাধ্যমে উক্ত গ্রামগুলোর পুনর্বাসিত জনগোষ্ঠীকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করে এদের মধ্যে ক্ষুদ্র ঋণ বিতরন করা হয়। ২০০৬-০৭ অর্থ বছরে আশ্রয়ন ও আবাসন প্রকল্পের ঋণ কার্যক্রমের বিবরন নিম্নে তুলে ধরা হ'লঃ

আশ্রয়ন সমবায় ঃ

বছর	বিতরণকৃত ঋণ (লক্ষ টাকা)	আদায়কৃত ঋণ (লক্ষ টাকা)	ঋণ গ্রহণকারীর সংখ্যা		
			পুরুষ	মহিলা	মোট
২০০৬-০৭	২৫৫৯.৫০	১৭২৯.৪৭	১৫২৩৯	১৪১৬৭	২৯৪০৬

আবাসন সমবায় ঃ

বছর	বিতরনকৃত ঋণ (লক্ষ টাকা)	আদায়কৃত ঋণ (লক্ষ টাকা)	ঋণ গ্রহণকারীর সংখ্যা		
			পুরুষ	মহিলা	মোট
২০০৬-০৭	৮১২.৮৮	২৭৪.৬১	৭৩৩৩	৫৯৩২	১৩২৬৫

সমবায় অধিদপ্তরের ভবিষ্যত কর্মপরিকল্পনাঃ

সমবায় অধিদপ্তরের কার্যক্রম আরো শক্তিশালী ও গতিশীল করার জন্য এ অধিদপ্তরে বেশ কিছু কর্মসূচী বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এগুলোর সংক্ষিপ্ত বিবরণ নিম্নে দেয়া হ'ল।

- সমবায় অধিদপ্তরের ১ম ও ২য় শ্রেনীর শুন্যপদ পূরণের পদক্ষেপ গ্রহণ।
- সরকারের অন্যান্য দপ্তরের সাথে সামঞ্জস্য রেখে সমবায় অধিদপ্তরের দাপ্তরিক কার্যাদি সুষ্ঠুভাবে ও স্বল্প সময়ে সম্পাদন কল্পে সিলেট ও বরিশালে ২ টি বিভাগীয় সমবায় দপ্তর চালু করণ।
- দেশের অকার্যকর সমবায় সমিতি গুলোর জন্য একটি দ্রুত অবসায়ন পদ্ধতি চালু করনের জন্য পরামর্শক হতে প্রাপ্ত সুপারিশ মালা বিদ্যমান সমবায় আইন ও বিধিমালায় অন্তর্ভূক্তির ব্যবস্থা গ্রহণ।
- সমবায় অধিদপ্তরের সদর কার্যালয়সহ বিভাগীয়, জেলা, উপজেলা সমবায় কার্যালয় পর্যন্ত ডাটাবেইজ ও এমআইএস ব্যবস্থা সম্প্রসারন ও ইন্টারনেট সংযোগ স্থাপন।
- সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অধীনে বিতরণকৃত ক্ষুদ্র ঋণ এবং রাজস্ব বাজেটের আওতায় সরকারের ক্ষুদ্র ঋণ তহবিল হতে ভবিষ্যতে প্রাপ্য ঋণ সমবায়ীদের মধ্যে ঘূর্ণায়মান তহবিল হিসাবে বিতরণ সম্পর্কিত সমবায় অধিদপ্তরের ঘূর্ণায়মান ক্ষুদ্র ঋণ তহবিল নীতিমালা প্রণয়ন।
- সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় প্রতিষ্ঠিত এমআইএস ও ডাটাবইজ ব্যবস্থা ২১ টি জেলা, ৪ টি বিভাগ ও সদর কার্যালয়ে পূর্নাঙ্গরুপে চালুকরণ এবং দেশের অবশিষ্ট ৪৩ টি জেলা ও ২ টি বিভাগীয় কার্যালয়কে এমআইএস ও ডাটাবেইজ ব্যবস্থায় সম্প্রসারণ।
- প্রকল্পের আওতায় অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারী এবং সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ প্রদান।
- কেন্দ্রীয় সমবায় ব্যাংকগুলোর কার্যক্রমে গতিশীলতা আনয়ন । এ লক্ষ্যে সারা দেশের ৭০ টি কেন্দ্রীয় সমবায় ব্যাংকের মাধ্যমে ঋণ প্রবাহ চালুকরণ।
- দ্বিতীয় সবুজ বিপ্লব আনয়নে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর সমর্থনপুষ্ট কৃষক সমবায় সমিতি সমূহের সম্ভাব্যতা যাচাই সংক্রান্ত গবেষণা জরীপ পরিচালনা।
- সমবায় সেক্টরে ই-গভর্নেন্স চালুকরণের লক্ষ্যে বাংলাদেশের সমবায় সেক্টরের উপর একটি নিজস্ব ওয়েবসাইট চালুকরণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা

বাংলাদেশ একটি গ্রাম প্রধান দেশ। গ্রামের উন্নতির সঙ্গে নিহিত রয়েছে এ দেশের উন্নয়ন। অবহেলিত, বঞ্চিত গ্রামবাসীদের উন্নয়নের জন্য বাংলাদেশে ১৯৫০ দশকের শুরুতে প্রাতিষ্ঠানিকভাবে পল্লী উন্নয়নের যাত্রা শুরু হয়। ১৯৫৩ সালের ভি-এইড কর্মসূচী ছিল প্রাতিষ্ঠানিকভাবে পল্লী উন্নয়নের ক্ষেত্রে প্রথম পদক্ষেপ। ভি-এইড কর্মসূচীর বাস্তবায়নে পল্লী উন্নয়ন সম্পর্কে গবেষণা, প্রশিক্ষণ এবং পেশাগত জ্ঞান সম্প্রসারণের লক্ষ্যে তদানিন্তন সরকার ১৯৫৯ সালে কুমিল্লায় পল্লী উন্নয়ন একাডেমী স্থাপন করে। পরবর্তী পর্যায়ে এই একাডেমী বাস্তব প্রয়োজনে ভি-এইড কর্মসূচী থেকে বিযুক্ত হয়ে নিজস্ব পরিকল্পনায় প্রশিক্ষণ, গবেষণা ও পরীক্ষামূলক প্রকল্প পরিচালনার মত ত্রিমুখী দায়িত্ব পালনের ক্ষেত্রে এক অনন্য জাতীয় প্রতিষ্ঠানে পরিণত হয়। কালক্রমে তৃণমূল পর্যায়ে সংগঠন সৃষ্টি, জাতিগঠনমূলক বিভাগের সাথে এর আন্তঃযোগাযোগ, সেচ, উন্নত বীজ, সারসহ অন্যান্য উপকরণ সরবরাহের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি এবং স্বার্থক সমবায় আন্দোলনের জন্য বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী অর্জন করে দেশীয় ও আন্তর্জাতিক খ্যাতি।

একাডেমী কর্তৃক উদ্ভাবিত দ্বি-স্তর সমবায়, সেচ কর্মসূচী, পল্লী পূর্ত কর্মসূচী, থানা প্রশিক্ষণ ও উন্নয়ন কেন্দ্র, পরিবার পরিকল্পনা কর্মসূচী ইত্যাদি দেশের পল্লী উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। তৃতীয় বিশ্বের অনেক দেশ বার্ডের এ সকল কর্মসূচী নিজেদের দেশের উপযোগী করে গ্রহণ করেছে।

প্রতিষ্ঠালগ্ন থেকেই একাডেমীর গবেষণালব্ধ ফলাফল সরকারের নীতি নির্ধারণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। একাডেমী প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদ সৃষ্টির কাজে অবিরাম কাজ করে যাচ্ছে। তাছাড়া একাডেমী পল্লী উন্নয়নের ক্ষেত্রে কর্মরত বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক গবেষণা ও উদ্যোক্তা সংস্থাকে প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালা, অন্যান্য কর্ম-সম্পাদন ও পরিচালনায় নিজ অভিজ্ঞতার আলোকে সার্বিক সহযোগিতা প্রদান করছে। প্রায়োগিক গবেষণার মাধ্যমে একাডেমী গ্রাম পর্যায়ে উন্নয়নের নতুন নতুন মডেল উদ্ভাবনে নিরলসভাবে নিয়োজিত রয়েছে।

২। কার্যাবলীঃ

একাডেমীর উপর অর্পিত দায়িত্ব হচ্ছেঃ

ক) পল্লী উন্নয়ন ও প্রাসংগিক বিষয়ে গবেষণা;

খ) সরকারী কর্মকর্তা ও পল্লী উন্নয়নের সাথে সম্পৃক্ত সরকারী কর্মকর্তা ও ব্যক্তিবর্গকে প্রশিক্ষণ প্রদান;

গ) উন্নয়নের প্রচলিত ধারণা ও মতবাদ পরীক্ষা-নিরীক্ষা করে পল্লী উন্নয়নের মডেল উদ্ভাবন;

ঘ) পল্লী উন্নয়ন বিষয়ক কর্মসূচী ও কার্যক্রমের মূল্যায়ন;

ঙ) পল্লী উন্নয়নের ক্ষেত্রে নীতি-নির্ধারক গোষ্ঠীকে সহায়তা প্রদান;

চ) জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন ও কর্মশালার আয়োজন ও পরিচালনা;

ছ) দেশী ও বিদেশী ছাত্রদের গবেষণা কাজে পরামর্শ দেয়া ও কাজ তদারকী করা; এবং

জ) সরকার ও অন্যান্য প্রতিষ্ঠানকে উপদেশ ও পরামর্শমূলক সেবা প্রদান করা।

৩। ২০০৬-২০০৭ অর্থ বছরে বার্ড কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমঃ

(১) ২০০৬-২০০৭ সালে বার্ডের প্রশিক্ষণ কার্যক্রমঃ ২০০৬-২০০৭ অর্থ বছরে বার্ড কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার,অবহিকরণ কোর্সের সংখ্যা ১৬৪টি। এতে সর্বমোট ৬,৮৮২ জন দেশী-বিদেশী প্রশিক্ষণার্থীকে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এসব প্রশিক্ষণের মধ্যে প্রায়োগিক গবেষণা প্রকল্পভুক্ত এলাকার মাঠ পর্যায়ের সুফলভোগীদের জন্য প্রশিক্ষণ কোর্স আয়োজন ছাড়াও বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, কর্মশালা, অবহিতকরণ ও সংযুক্তি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। আলোচ্য বছরের প্রশিক্ষণ কার্যক্রমের সাথে গত দুই বছরের তুলনামূলক সংক্ষিপ্ত বিবরণ নিম্নে উপস্থাপন করা হলোঃ

প্রশিক্ষণ কোর্সের ধরণ	২০০৪-২০০৫				২০০৫-২০০৬				২০০৬-২০০৭			
	কোর্সের সংখ্যা	অংশগ্রহণকারীর সংখ্যা			কোর্সের সংখ্যা	অংশগ্রহণকারীর সংখ্যা			কোর্সের সংখ্যা	অংশগ্রহণকারীর সংখ্যা		
		পুরুষ	মহিলা	মোট		পুরুষ	মহিলা	মোট		পুরুষ	মহিলা	মোট
ক) বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স (৪ মাস মেয়াদী)	৩	১২৭	৯	১৩৬	২	৬৭	১৩	৮০	২	৭১	৯	৮০
খ) বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স (২ মাস মেয়াদী)	৩	১৩৯	৪৮	১৮৭	৩	১২৭	১৬	১৪৩	১০	৩০৪	১৪	৩১৮
গ) একাডেমীর নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণ কোর্স												
১) ৩ সপ্তাহ মেয়াদী	১	৪	২	৬	-	-	-	-				
২) ২ সপ্তাহ মেয়াদী	২	২২	৩	২৫	২	১৬	২	১৮	১	১৭	৫	২১
৩) ১ সপ্তাহ মেয়াদী	৬	১৫৩	৩৫	১৮৮	৫	৬১	২১	৭৮	৫	৮৭	১৮	১০৫
৪) ১ সপ্তাহের কম মেয়াদী	১	১৬	২	১৮	১	৪০	১৮	৫৮	-	-	-	-
ঘ) অন্যান্য প্রশিক্ষণ কোর্স (দেশীয়)												
১) ৪ সপ্তাহ মেয়াদী	৮	৪২২	৮৫	৫০৭	৩	২৫	১১৫	১৪০	৮	৮৮	২০২	২৯০
২) ৩ সপ্তাহ মেয়াদী	২	-	৩৯	৩৯	-	-	-	-	-	-	-	-
৩) ২ সপ্তাহ মেয়াদী	১	-	৪০	৪০	১৩	৩২৬	১৪৫	৪৭১	৩০	৩৪০	৪৪২	১০৮২
৪) ১ সপ্তাহ মেয়াদী	১	৪২	-	৪২	৬	২৩৩	৭৫	৩০৮	৩৭	৯৭৮	৫৬০	১৫৩৮
৫) ১ সপ্তাহের কম মেয়াদী	২৪	৬৮১	১২৯	৮১০	৩১	৭৮২	৩৬৩	১১৪৫	৪৩	১২১৭	৬০১	১৮১৮
৬) প্রকল্প পর্যায়ে প্রশিক্ষণ	১৪	৪০	৬০৪	৬৪৪	২২	১৪০	৮২৮	৯৬৮	১৬	৬৫	৫৩২	৫৯৭
ঙ) কর্মশালা/ সেমিনার/ সম্মেলন	৭১	২৫৩৭	১৬৭৬	৪২১৩	৫	২৮৮	২৩	৩১১	৮	৫০৫	৪৬৮	৯৭৩
চ) আন্তর্জাতিক প্রশিক্ষণ												
১) ২ সপ্তাহ মেয়াদী	-	-	-	-	-	-	-	-	১	১৬	১	১৭
২) ১ সপ্তাহ মেয়াদী	২	১৮	৭	২৫	৩	২২	১০	৩২	১	১৫	২	১৭
৩) ১ সপ্তাহের কম মেয়াদী	১৫	১৭০	৪০	২১০	২	১৯	৭	২৬	২	১৬	১০	২৬
মোট	১৫৪	৪৩৭১	২৭১৯	৭০৯০	৯৮	২১৪৬	১৬৩৬	৩৭৭৮	১৬৪	৩৭১৯	২৮৬৪	৬৮৮২

ক) আন্তর্জাতিক সেমিনার/ কর্মশালা/ সম্মেলনঃ

বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে ডি-৮ ভুক্ত দেশসমূহের জন্য "Emerging Threats and Opportunities of Globalization for Rural Development: Defing the D-8 Future Rural Development Agenda" শীর্ষক ১টি আন্তর্জাতিক কর্মশালা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও বার্ডের যৌথ আয়োজনে বিগত ২৪-২৮ জুন ২০০৭ সময়ে বার্ডে অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় ইন্দোনেশিয়া, পাকিস্তান, মিশর, ও স্বাগতিক বাংলাদেশ থেকে মোট ১৮ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন ।

খ) জাতীয় পর্যায়ে সেমিনার/ কর্মশালা/ সম্মেলনঃ

বার্ড ও জেএডিই, জাপান এর যৌথ উদ্যোগে গত ১৭-১৮ ফেব্রুয়ারী ২০০৭ সময়ে দেশী ও বিদেশী উচ্চ পর্যায়ের ৮৫ জন সরকারী ও বেসরকারী কর্মকর্তাদের নিয়ে "Research Dissemination of Ecological Sanitation: An Intermediate

Technology for Environmental Management” শীর্ষক ১টি জাতীয় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বিগত ২৩ ডিসেম্বর ২০০৬ তারিখে দেশের বিভিন্ন সংস্থার উর্ধ্বতন ৪৫ জন কর্মকর্তা ও বার্ড অনুষদ সদস্যবৃন্দের সমন্বয়ে একাডেমীর উদ্যোগে “Coping poverty with gender and age” শীর্ষক ১টি সেমিনার এবং বিগত ২৩ জুন ২০০৭ তারিখে ৪০ জন উর্ধ্বতন সরকারী ও বেসরকারী কর্মকর্তার অংশগ্রহণের “ Research Highlights of BARD ” শীর্ষক ১টি সেমিনারের আয়োজন করা হয়।

বিগত ২৬-২৭ জুলাই ২০০৬ সময়ে সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান প্রধান এবং উচ্চ পর্যায়ের ১২০ জন কর্মকর্তার অংশগ্রহণে একাডেমীর ৪০তম বার্ষিক মূল্যায়ন ও পরিকল্পনা সম্মেলন অনুষ্ঠিত হয়। এছাড়াও বার্ডের রাজস্বভুক্ত মহিলা শিক্ষা, আয় ও পুষ্টি উন্নয়ন প্রকল্পের উদ্যোগে বিগত ২৫/০৬/২০০৭ সময়ে বার্ষিক মূল্যায়ন ও পরিকল্পনা সম্মেলন (২০০৬-২০০৭) অনুষ্ঠিত হয়। এতে ২০০ জন গ্রামকর্মী অংশগ্রহণ করেন।

গ) আন্তর্জাতিক প্রশিক্ষণঃ

বিগত ৯-২১ এপ্রিল ২০০৭ সময়ে কমনওয়েলথ সেক্রেটারিয়েট (COMSEC) এর উদ্যোগে Commonwealth ভুক্ত দেশসমূহের ১৭ জন কর্মকর্তার জন্য “Good Governance in Rural Development ” শীর্ষক একটি আন্তর্জাতিক প্রশিক্ষণ কোর্স বার্ডে অনুষ্ঠিত হয়েছে।

ঘ) জাতীয় পর্যায়ে প্রশিক্ষণঃ

বার্ডের নিজস্ব অর্থায়নে এবং জাতীয় পর্যায়ের উন্নয়ন সহযোগীদের সহযোগিতায় বিবেচ্য বছরে বার্ড ১৬০টি জাতীয় পর্যায়ে প্রশিক্ষণ কোর্স পরিচালনা করে। এতে মোট ৬৮৫৬ জন প্রশিক্ষণার্থী অংশ গ্রহণ করেন। এর মধ্যে উল্লেখযোগ্য কোর্সগুলো নিম্নরুপ:

ক্র নং	উল্লেখযোগ্য প্রশিক্ষণ কোর্সের নাম	অংশগ্রহণকারী	কোর্সের সংখ্যা
ক)	বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স	জাতীয় কৃষি গবেষণা সিস্টেমের বিজ্ঞানীগণ	২টি
খ)	বিশেষ বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স	এলজিইডি-র প্রকৌশলীবৃন্দ	৬টি
গ)	বিশেষ বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স	বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের কর্মকর্তাবৃন্দ	২টি
ঘ)	স্ব-উদ্যোগে আয়োজিত প্রশিক্ষণ কোর্স Development Project Planning and Management (DPPM); Development Management; Team Building, Leadership and Mind Set Change for Development; Mainstreaming Gender in Development Planning; Research Methodology for Social Science Researchers; এবং গুণগত মান সম্মত শিক্ষাদানের লক্ষ্যে পরিকল্পিত পাঠদান পদ্ধতি ও কৌশল)	সরকারী ও বেসরকারী পর্যায়ের কমকর্তাবৃন্দ	৬টি
ঙ)	পল্লী প্রগতি প্রকল্পের আয়-বৃদ্ধিমূলক প্রশিক্ষণ	পল্লী প্রগতি প্রকল্পের সুফলভোগীবৃন্দ	৪৪টি
চ)	পাবসসের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ পরিকল্পনা প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স	পাবসসের কর্মকর্তা কর্মচারী ও সদস্যবৃন্দ	১৪টি
ছ)	Training of Trainers	CBRMP Officials	১টি
জ)	Training of Trainers	SIFAD-2 প্রকল্পের কর্মকর্তাবৃন্দ	৩টি
ঝ)	Administrative and Finical Management	জাতীয় কৃষি গবেষণা সিস্টেমের মূখ্য ও প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তাবৃন্দ	১টি
ঞ)	Attachment Prgoramme on Rural Development and Poverty Alleviation	BPATC, NAEM এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়	৪টি

(২) **গবেষণা কার্যক্রমঃ**

২০০৬-২০০৭ অর্থ বছরে বার্ডের ৪০তম পরিকল্পনা সম্মেলনে বিভিন্ন বিষয়ে ০৬টি গবেষণা পরিচালনার প্রস্তাবনা গৃহীত হয়। এর মধ্যে ০৩টি গবেষণার তথ্য সংগ্রহ, ০২টি গবেষণার সারণীকরণ এবং ০১টি গবেষণার খসড়া প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে। তাছাড়া উদ্যোক্তা সংস্থার অর্থায়নে পরিচালিত ০৫টি গবেষণা কার্যক্রমের মধ্যে ০৪টি গবেষণার চূড়ান্ত প্রতিবেদন উদ্যোক্তা সংস্থার নিকট দাখিল করা হয়েছে, এবং অবশিষ্ট ০১টি গবেষণার খসড়া প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে।

২০০৬-০৭ অর্থ বছরে গৃহীত গবেষণাগুলো হলোঃ

1. Culture Communication and Social Network of Process of Tipra Community in Bangladesh.
2. Peasants, Power and Policies: Faction Grouping of Change of Power in Bangladesh.
3. Empowering Women through Women's Organization: A Case Study.
4. Structure and Performance of Small and Medium Scale Agro Processing Industies in Bangladesh.
5. Managing Social Safety Net Programme of the Local Level: An Analysis of Existing Practices.
6. Wage and Self-employment Program for Rural Developemnt: A Study of GO and NGOs.

(৩) প্রকল্প কার্যক্রমঃ

ক) মহিলা শিক্ষা,আয় ও পুষ্টি উন্নয়ন প্রকল্পঃ

- প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

